অতীব জরুরি
নির্বাচন অগ্রাধিকার

# বাংলাদেশ নির্বাচন কমিশন
## নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৭ (অংশ-৩)-৫৯ তারিখ: ০৭ চৈত্র ১৪২৪ / ২১ মার্চ ২০১৮

**বিষয়: নরসিংদী জেলার সদর উপজেলার নুরালাপুর ইউনিয়ন ও মহিষাশুড়া ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠান**

সূত্র: জেলা নির্বাচন অফিসার, নরসিংদী কার্যালয়ের স্মারক নং- নং-১৭.০২.৬৮০০.০০০.৪১.০৫১.১৪-৯৯ তারিখ: ১৯ মার্চ ২০১৮

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলার সদর উপজেলার নুরালাপুর ইউনিয়ন ও মহিষাশুড়া ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে মাননীয় নির্বাচন কমিশন নিম্নরূপ নির্দেশনা প্রদান করেছেন:

২। **নির্বাচনি সময়সূচি :** উল্লিখিত ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নতুনভাবে সময়সূচি জারি করার প্রয়োজন রয়েছে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে মাননীয় নির্বাচন কমিশন নিম্নরূপ সময়সূচি অনুসারে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেছেন:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০২ এপ্রিল ২০১৮ / ১৯ চৈত্র ১৪২৪ | ( সোমবার ) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ০৩ এপ্রিল ২০১৮ / ২০ চৈত্র ১৪২৪ | ( মঙ্গলবার ) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১০ এপ্রিল ২০১৮ / ২৭ চৈত্র ১৪২৪ | ( মঙ্গলবার ) |
| (ঘ) | **ভোটগ্রহণের তারিখ** | : | ২৫ এপ্রিল ২০১৮ / ১২ বৈশাখ ১৪২৫ | **(বুধবার)** |

৩। **প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম :** উল্লিখিত সময়সূচি অনুযায়ী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৫ অনুসারে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল দায়েরের শেষ তারিখ **০৬ এপ্রিল ২০১৮** এবং দায়েরকৃত আপিল **০৯ মার্চ ২০১৮** তারিখের মধ্যে নিষ্পত্তি করতে হবে। তাছাড়া প্রার্থিতা প্রত্যাহারের জন্য শেষ তারিখ **১০ এপ্রিল ২০১৮** এবং এর পরের দিন অর্থাৎ **১১ এপ্রিল ২০১৮** তারিখে প্রতীক বরাদ্দের কার্যক্রম সম্পন্ন করতে হবে। মনোনয়ন ও প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম উল্লিখিত সময়সূচির সাথে সমন্বয় করে সম্পন্ন করতে হবে।

৪। **সময়সূচির প্রজ্ঞাপন জারি :** উল্লিখিত সময়সূচি অনুযায়ী জেলা নির্বাচন অফিসার, নরসিংদী বিধি ১০ অনুসারে পূর্বে প্রদত্ত নমুনায় প্রজ্ঞাপন জারি করে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের ব্যবস্থা করবেন। অন্যান্য ক্ষেত্রে ইতঃপূর্বে বিজ্ঞপ্তি সংশোধনি বা স্থলাভিষিক্ত করে জারিকৃত প্রজ্ঞাপন আকারে গেজেটে প্রকাশ করতে হবে।

৫। **অন্যান্য নির্দেশনা :** উপরিউল্লিখিত নরসিংদী জেলার সদর উপজেলার নুরালাপুর ইউনিয়ন ও মহিষাশুড়া ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠানের জন্য **২৫ এপ্রিল ২০১৮ (বুধবার)** ভোটগ্রহণের দিন নির্ধারণ করতঃ আইন ও বিধি মোতাবেক এবং ইতঃপূর্বে জারিকৃত পরিপত্র ও অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯-এর ধারা ৩৬ ও সংশ্লিষ্ট অন্যান্য ধারা এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫, ১০ ও অন্যান্য বিধি-বিধানসহ সংশ্লিষ্ট আইন-বিধিমালা এবং ইতোঃপূর্বে অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদের জারিকৃত পরিপত্রসহ সকল নির্দেশনা অনুসরণপূর্বক নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করতে হবে।

৬। **প্রাপ্তি স্বীকার :** উল্লিখিত ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে জারিকৃত এ নির্দেশনা প্রাপ্তি স্বীকারের জন্য এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে অবহিতকরণের জন্য অনুরোধ করা হল।

২১/০৩/১৮

**( মোঃ আবুল কাসেম )**
যুগ্মসচিব
নির্বাচন ব্যবস্থাপনা-২
ফোন: ৫৫০০৭৫৫২ (অফিস)
০১৭১১৫৪৬৮২০ (মোবাইল)

জেলা নির্বাচন অফিসার, নরসিংদী

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.১৭ (অংশ-৩)-৫৯

তারিখ: ০৭ চৈত্র ১৪২৪
২১ মার্চ ২০১৮

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়/নৌপরিবহণ মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, .............................................................. (সকল)
১০. উপ মহাপুলিশ পরিদর্শক, .................................................... (সকল রেঞ্জ)
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৫. মহাব্যবস্থাপক (সি.আই.বি), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
১৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৭. উপসচিব, ........................................................................ (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. পুলিশ সুপার, .................................................................. (সংশ্লিষ্ট)
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ................................................. (সকল)
২০. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি,............................................ (সংশ্লিষ্ট)
২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. প্রোগ্রামার (উপাত্ত প্রক্রিয়াকরণ), সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অর্থ ও বাজেট/ক্রয় ও মুদ্রণ/নির্বাচন প্রশাসন/নির্বাচন সহায়তা-১ ও নির্বাচন সহায়তা-২/ আইন-৩), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৫. ..................................................................................রিটার্নিং অফিসার, (সংশ্লিষ্ট)
২৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ......................................................... (সংশ্লিষ্ট থানা)।

২২/৩/১৮

**( মোহাম্মদ আশফাকুর রহমান )**
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২

G:\Union Parishad.2017\UP-ETC-LETTER.Habib.doc